

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬১০]

৪৩/ হিবা (উপহার) প্রদান (كتاب الهبة وفضلها والتحريض عليها)

পরিচ্ছেদঃ ১৬২৯. সঙ্গীদের মাঝে কাউকে হাদিয়া করা হলে সেই তার হকদার। ইবনু আববাস হতে উল্লেখ করা হয়েছে, সঙ্গীরাও শরীক থাকবে, কিন্তু তা সহীহ নয়।

باب مَنْ أُهْدِيَ لَهُ هَدِيَّةٌ وَعِنْدَهُ جُلَسَاؤُهُ فَهْوَ أَحَقُّ وَيُذْكَرُ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ جُلَسَاءَهُ شُرَكَاءُ. وَلَمْ يَصِحَّ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ، عَنْ عَمْرٍو، عَنِ ابْنِ عُمَرَ وضى الله عنهما و أَنَّهُ كَانَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم في سَفَرٍ فَكَانَ عَلَى بَكْرٍ لِعُمَرَ صَعْب، فَكَانَ يَتَقَدَّمُ النَّبِيِّ صلى الله عليه وسلم فَيَقُولُ أَبُوهُ يَا عَبْدَ اللَّهِ لاَ يَتَقَدَّمِ النَّبِيُّ صلى الله عليه وسلم أَحَدٌ. فَقَالَ عُمَرُ هُو لَكَ. فَاشْتَرَاهُ ثُمَّ قَالَ " هُو لَكَ يَا عَبْدَ اللَّهِ الله عليه وسلم " بِعْنِيهِ ". فَقَالَ عُمَرُ هُو لَكَ. فَاشْتَرَاهُ ثُمَّ قَالَ " هُو لَكَ يَا عَبْدَ اللَّهِ، فَاصِنْعُ بِهِ مَا شِئْتَ ".

বাংলা

২৪৩৬। আবদুল্লাহ ইবনু মুহাম্মদ (রহঃ) ... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, এক সফরে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলেন এবং তখন তিনি (ইবনু উমর) উমর (রাঃ) এর একটি অবাধ্য উটে সাওয়ার ছিলেন। উটটি বারবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আগে যাচ্ছিল। আর তার পিতা উমর (রাঃ) তাকে বলছিলেন, হে আবদুল্লাহ! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আগে আগে চলা কারো জন্য উচিত নয়। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে [উমর (রাঃ)] কে বললেন, এটা আমার কাছে বিক্রিকর। উমর (রাঃ) বললেন, এটাতো আপনার। তখন তিনি সেটা খরিদ করে বললেন, হে আবদুল্লাহ! এটা (এখন থেকে) তোমার। কাজেই এটা দিয়ে তুমি যা ইচ্ছা তাই করতে পার।

English

Narrated Ibn `Umar:

That he was in the company of the Prophet (ﷺ) on a journey, riding a



troublesome camel belonging to `Umar. The camel used to go ahead of the Prophet, so Ibn `Umar's father would say, "O `Abdullah! No one should go ahead of the Prophet." The Prophet (ﷺ) said to him, "Sell it to me." `Umar said to the Prophet "It is for you." So, he bought it and said, "O `Abdullah! It is for you, and you can do with it what you like."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন